প্রাথমিকে শিক্ষক পদে আবেদন করবেন যেভাবে

প্রাথমিক শিক্ষা অধিদফতরের (ডিপিই) অধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক নিয়োগে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। এর মাধ্যমে সাড়ে ৩২ হাজার শিক্ষক নিয়োগ দেয়া হবে বলে জানা গেছে। প্রাথমিক শিক্ষা অধিদফতরের নিয়োগ শাখার সহকারী পরিচালক আতিক বিন সাত্তার বিষয়টি নিশ্চিত করেন।

এ বিষয়ে ডিপিই থেকে প্রকাশিত বিজ্ঞপ্তিতে জানানো হয়, সরকারি প্রাথমিক বিদ্যালয়ে রাজস্বখাতভুক্ত ‘সহকারী শিক্ষক’র শূন্যপদ এবং জাতীয়করণ করা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পিডিইপি-৪ এর আওতায় প্রাক-প্রাথমিক শ্রেণির জন্য রাজস্বখাতে সৃষ্ট ‘সহকারী শিক্ষক’ পদে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১৩তম গ্রেডে অস্থায়ীভাবে নিয়োগ করা হবে। তিন পার্বত্য জেলা রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবানের প্রার্থীরা এতে আবেদন করতে পারবেন না।

আবেদন করবেন যেভাবে : বিজ্ঞপ্তিতে জানানো হয়, ২৫ অক্টোবর সকাল সাড়ে ১০টা থেকে অনলাইনে আবেদন গ্রহণ শুরু হবে। শেষ হবে ২৪ নভেম্বর রাত ১১টা ৫৯ মিনিটে।

এ পদে প্রার্থীদের অনলাইনের মাধ্যমে আবেদন করতে হবে। http://dpe.telelalk.com.bd ওয়েবসাইটে প্রবেশ করলে অনলাইনে আবেদনের ফরম পূরণের নির্দেশনা পাওয়া যাবে। সংশ্লিষ্ট নির্দেশনা অনুযায়ী অনলাইন আবেদনপত্র পূরণ করতে হবে।

অনলাইনে আবেদনপত্র পূরণ করে জমা করার পর অ্যাপ্লিকেশন কপি প্রিন্ট করতে হবে। সঠিকভাবে পূরণকৃত অ্যাপ্লিকেশন কপির ইউজার আইডি দিয়ে আবেদন ফি জমা দিতে হবে। একবার আবেদন ফি জমা দেওয়ার পর অ্যাপ্লিকেশন ফরম কোনো অবস্থায়ই সংশোধন বা প্রত্যাহার করা যাবে না। শুধু ইউজার আইডিপ্রাপ্ত প্রার্থীরা এই সময় পরবর্তী ৭২ ঘণ্টা পর্যন্ত এসএমএসের মাধ্যমে ফি প্রদান করতে পারবেন।

আবেদনকারীকে একটি ইউজার আইডি এবং পাসওয়ার্ড দেওয়া হবে। এই ইউজার আইডি এবং পাসওয়ার্ড সব সময়ের জন্য প্রার্থীকে সংরক্ষণ করতে হবে। প্রার্থীকে পরীক্ষার ফি বাবদ অফেরৎযোগ্য সার্ভিস চার্জসহ ১১০ টাকা যেকোনো টেলিটক প্রি-পেইড মোবাইল নম্বর থেকে এসএমএসের

মাধ্যমে যথাসময়ে প্রেরণ করতে হবে।

বয়সসীমা : প্রার্থীদের বয়স ২০ অক্টোবর ২০২০ তারিখে সর্বনিম্ন ২১ বছর এবং ২৫ মার্চ পর্যন্ত সর্বোচ্চ ৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধার সন্তান ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে এ বয়সসীমা হবে ৩২ বছর। বয়স নিরূপণে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

শিক্ষাগত যোগ্যতা: যে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সম্মান বা সমমানের ডিগ্রি থাকতে হবে।

আবেদন ফি : ১১০ টাকা। যার মধ্যে অফেরৎযোগ্য ১০০ টাকা আবেদন ফি ও ১০ টাকা টেলিটকের সার্ভিস চার্জ।

নির্বাচন পদ্ধতি : সহকারী শিক্ষক পদে এর আগে ৮০ নম্বরের এমসিকিউ পদ্ধতিতে লিখিত পরীক্ষা ও ২০ নম্বরের মৌখিক পরীক্ষা নেওয়া হতো। বাংলা, গণিত, ইংরেজি ও সাধারণ জ্ঞান বিষয়ে প্রশ্ন থাকত। তবে এবারের নিয়োগে কত নম্বরের পরীক্ষা হবে এ বিষয়টি এখনো চূড়ান্ত হয়নি। এসব পরীক্ষার তারিখ পরে অধিদফতরের ওয়েবসাইট ও বিভিন্ন পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে বলে অধিদফতর সূত্রে জানা গেছে।

যেসব কাগজপত্র লাগবে: প্রার্থী লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর আবেদনপত্রের সঙ্গে অনলাইনে দাখিলকৃত আবেদনের ফটোকপি, পাসপোর্ট সাইজের দুই কপি ছবি, প্রথম শ্রেণির গেজেটেড সরকারি কর্মকর্তা কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সব মূল বা সাময়িক সনদপত্র এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি করপোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রসহ প্রয়োজনীয় কাগজপত্র সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসে জমা দিতে হবে।

বেতন: ১১০০০-২৬৫৯০ টাকা (গ্রেড-১৩) (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী)।

ডিপিই সূত্রে জানা গেছে, এবারের বিজ্ঞপ্তির মাধ্যমে সারাদেশে ২৫ হাজার ৬৩০ জন প্রাক-প্রাথমিক শিক্ষক এবং ৬ হাজার ৯৪৭ শূন্যপদে সহকারী শিক্ষক নিয়োগ দেয়া হবে।

প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউটে একাধিক চাকরি

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউটে ০৫টি পদে জনবল নিয়োগ দেওয়া হবে। আগ্রহীরা আগামী ০৫ নভেম্বর পর্যন্ত আবেদন করতে পারবেন।

প্রতিষ্ঠানের নাম: বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (বিএলআরআই), সাভার
প্রকল্পের নাম: ডেইরি উন্নয়ন গবেষণা শীর্ষক প্রকল্প

চাকরির ধরন: অস্থায়ী
প্রার্থীর ধরন: নারী-পুরুষ

আবেদনপত্র সংগ্রহ: আগ্রহীরা www.blri.gov.bd থেকে আবেদনপত্র সংগ্রহ করতে পারবেন।

আবেদনের ঠিকানা: প্রকল্প পরিচালক, ডেইরি উন্নয়ন গবেষণা প্রকল্প, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (বিএলআরআই), সাভার, ঢাকা-১৩৪১।

আবেদনের শেষ সময়: ০৫ নভেম্বর ২০২০

সূত্র: জাগোজবস ডটকম

সিটি গ্রুপে একাধিক চাকরির সুযোগ

বহুজাতিক শিল্প প্রতিষ্ঠান সিটি গ্রুপে ‘ব্রিজস্কেল অপারেটর’ পদে

০৪ জনকে নিয়োগ দেওয়া হবে। আগ্রহীরা আগামী ৩০ অক্টোবর পর্যন্ত আবেদন করতে পারবেন।

প্রতিষ্ঠানের নাম: সিটি গ্রুপ

পদের নাম: ব্রিজস্কেল অপারেটর
পদসংখ্যা: ০৪ জন
শিক্ষাগত যোগ্যতা: এইচএসসি
অভিজ্ঞতা: ০২-০৩ বছর
দক্ষতা: কম্পিউটারে দক্ষতা

চাকরির ধরন: ফুল টাইম
প্রার্থীর ধরন: পুরুষ
বয়স: ২০-৩৫ বছর
কর্মস্থল: যেকোনো স্থান
বেতন: আলোচনা সাপেক্ষে

আবেদনের নিয়ম: আগ্রহীরা www.jagojobs.com/others এর মাধ্যমে আবেদন করতে পারবেন।

আবেদনের শেষ সময়: ৩০ অক্টোবর ২০২০

সূত্র: জাগোজবস ডটকম

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে এইচএসসি পাসে চাকরি

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীনে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর মৌলিক সাক্ষরতা প্রকল্পে জনবল নিয়োগ দেওয়া হবে। আগ্রহীরা আগামী ২০ অক্টোবর পর্যন্ত আবেদন করতে পারবেন।

প্রতিষ্ঠানের নাম: প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

ব্যুরোর নাম: উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো প্রকল্পের নাম: মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা)

পদের নাম: অফিস সহকারী কাম কম্পিউটার টাইপিস্ট পদসংখ্যা: ০১ জন
শিক্ষাগত যোগ্যতা: এইচএসসি/সমমান
অভিজ্ঞতা: ০২ বছর
দক্ষতা: কম্পিউটার টাইপিংয়ে নির্ধারিত গতি
বেতন: ১৮,৬০০ টাকা

চাকরির ধরন: অস্থায়ী
প্রার্থীর ধরন: নারী-পুরুষ
বয়স: ২৫ মার্চ ২০২০ তারিখে ১৮-৩০ বছর। বিশেষ ক্ষেত্রে ৩২ বছর

আবেদনের ঠিকানা: প্রকল্প পরিচালক, মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ২৩২/১ তেজগাঁও শি/এ, ঢাকা- ১২০৮।

আবেদন ফি: ট্রেজারি চালানের মাধ্যমে ৩০০ টাকা জমা দিতে হবে।

আবেদনের শেষ সময়: ২০ অক্টোবর ২০২০

সূত্র: জাগোজবস ডটকম

তিতাস গ্যাসে ৩০ জনের চাকরির সুযোগ

পেট্রোবাংলার প্রতিষ্ঠান তিতাস গ্যাস ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেডে ‘সহকারী ব্যবস্থাপক (হিসাব)’ পদে ৩০ জনকে নিয়োগ দেওয়া হবে। আগ্রহীরা আগামী ০৫ নভেম্বর পর্যন্ত আবেদন করতে পারবেন।

প্রতিষ্ঠানের নাম: তিতাস গ্যাস ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড

পদের নাম: সহকারী ব্যবস্থাপক (হিসাব)
পদসংখ্যা: ৩০ জন
শিক্ষাগত যোগ্যতা: বাণিজ্যে স্নাতকোত্তর/স্নাতকোত্তরসহ সম্মান/সিএ/আইসিএমএ/এমবিএ
অভিজ্ঞতা: প্রযোজ্য নয়
বেতন: ২২,০০০-৫৩,০৬০ টাকা

চাকরির ধরন: স্থায়ী
প্রার্থীর ধরন: নারী-পুরুষ
কর্মস্থল: যেকোনো স্থান

আবেদনের নিয়ম: প্রতিষ্ঠানের ওয়েবসাইট www.titasgas.org.bd এর মাধ্যমে আবেদনের নিয়ম জানতে পারবেন।

আবেদনের শেষ সময়: ০৫ নভেম্বর ২০২০

সূত্র: জাগোজবস ডটকম

আকিজ গ্রুপে এসএসসি পাসে চাকরির সুযোগ

হুজাতিক শিল্প প্রতিষ্ঠান আকিজ গ্রুপে ‘নিরাপত্তা হাবিলদার’ পদে জনবল নিয়োগ দেওয়া হবে। আগ্রহীরা আগামী ০৫ অক্টোবর পর্যন্ত আবেদন করতে পারবেন।

প্রতিষ্ঠানের নাম: আকিজ গ্রুপ

পদের নাম: নিরাপত্তা হাবিলদার
পদসংখ্যা: নির্ধারিত নয়
শিক্ষাগত যোগ্যতা: এসএসসি
অভিজ্ঞতা: ০৩ বছর
বেতন: ১২,০০০ টাকা

চাকরির ধরন: অস্থায়ী

শিক্ষানবিশকাল: ০৬ মাস
প্রার্থীর ধরন: পুরুষ
বয়স: সর্বোচ্চ ৫০ বছর
কর্মস্থল: যেকোনো স্থান

আবেদনের নিয়ম: আগ্রহীরা www.jagojobs.com/security-support-service এর মাধ্যমে আবেদন করতে পারবেন।

আবেদনের শেষ সময়: ০৫ অক্টোবর ২০২০

সূত্র: জাগোজবস ডটকম

রানার অটোমোবাইলসে চাকরির সুযোগ

রানার অটোমোবাইলস লিমিটেডে ‘হেড অব থ্রি-হুইলার প্রজেক্ট’ পদে জনবল নিয়োগ দেওয়া হবে। আগ্রহীরা আগামী ২৫ অক্টোবর পর্যন্ত আবেদন করতে পারবেন।

প্রতিষ্ঠানের নাম: রানার অটোমোবাইলস লিমিটেড

পদের নাম: হেড অব থ্রি-হুইলার প্রজেক্ট
পদসংখ্যা: ০১ জন

শিক্ষাগত যোগ্যতা: ডিপ্লোমা/বিএসসি ইন মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং
অভিজ্ঞতা: ১৫ বছর

বেতন: আলোচনা সাপেক্ষে

চাকরির ধরন: ফুল টাইম
প্রার্থীর ধরন: পুরুষ

বয়স: ৪৫ বছর

কর্মস্থল: ময়মনসিংহ

আবেদনের নিয়ম: আগ্রহীরা www.jagojobs.com/engineering এর মাধ্যমে আবেদন করতে পারবেন।

আবেদনের শেষ সময়: ২৫ অক্টোবর ২০২০

সূত্র: জাগোজবস ডটকম

রাজশাহী ক্যান্টনমেন্ট বোর্ড স্কুল অ্যান্ড কলেজে চাকরি

রাজশাহী ক্যান্টনমেন্ট বোর্ড স্কুল অ্যান্ড কলেজে ০৬টি পদে ০৯ জনকে নিয়োগ দেওয়া হবে। আগ্রহীরা আগামী ২৫ অক্টোবর পর্যন্ত আবেদন করতে পারবেন।

প্রতিষ্ঠানের নাম: রাজশাহী ক্যান্টনমেন্ট বোর্ড স্কুল অ্যান্ড কলেজ

বয়স: ২৫ অক্টোবর ২০২০ তারিখে সর্বোচ্চ ১৮-৩০ বছর। বিশেষ ক্ষেত্রে ৩২ বছর

আবেদনপত্র সংগ্রহ: আগ্রহীরা www.cbraj.gov.bd থেকে আবেদনপত্র সংগ্রহ করতে পারবেন।

যার বরাবর আবেদন: ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, রাজশাহী সেনানিবাস, রাজশাহী।

আবেদন পাঠানোর ঠিকানা: ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, ক্যান্টনমেন্ট বোর্ড, রাজশাহী সেনানিবাস-৬২০২।

আবেদন ফি: ১ নং পদের জন্য ৩০০ টাকা, ২-৬ নং পদের জন্য ২০০ টাকা পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট করে পাঠাতে হবে।

আবেদনের শেষ সময়: ২৫ অক্টোবর ২০২০

সূত্র: জাগোজবস ডটকম

গ্রামীণ ব্যাংকে শিক্ষানবিশ অফিসার পদে চাকরি

গ্রামীণ ব্যাংকে ‘শিক্ষানবিশ অফিসার’ পদে জনবল নিয়োগ দেওয়া হবে। আগ্রহীরা আগামী ১৫ অক্টোবর পর্যন্ত আবেদন করতে পারবেন।

প্রতিষ্ঠানের নাম: গ্রামীণ ব্যাংক

পদের নাম: শিক্ষানবিশ অফিসার
শিক্ষাগত যোগ্যতা: স্নাতক/স্নাতকোত্তর
বয়স: ৩০-৪০ বছর
বেতন: ১১০০০-১২০০০ টাকা

চাকরির ধরন: অস্থায়ী
প্রার্থীর ধরন: নারী-পুরুষ
কর্মস্থল: যেকোনো স্থান

আবেদনের নিয়ম: আগ্রহীরা erecruit.ghrmplus.com এর মাধ্যমে আবেদন করতে পারবেন।

আবেদনের শেষ সময়: ১৫ অক্টোবর ২০২০

সূত্র: জাগোজবস ডটকম

২৫০ জনকে চাকরি দেবে নিটল মটরস

নিটল মটরস লিমিটেডে ‘ডেন্টিং শ্রমিক/পেইন্টিং শ্রমিক’ পদে ২৫০ জনকে নিয়োগ দেওয়া হবে। আগ্রহীরা আগামী ১৭ অক্টোবর পর্যন্ত

আবেদন করতে পারবেন।
প্রতিষ্ঠানের নাম: নিটল মটরস লিমিটেড

পদের নাম: ডেন্টিং শ্রমিক/পেইন্টিং শ্রমিক পদসংখ্যা: ২৫০ জন (ডেন্টিং-১৬০ ও পেন্টিং-৯০) শিক্ষাগত যোগ্যতা: ৮ম শ্রেণি

অভিজ্ঞতা: ০১ বছর
বেতন: আলোচনা সাপেক্ষে
চাকরির ধরন: ফুল টাইম
প্রার্থীর ধরন: পুরুষ

বয়স: ন্যূনতম ১৮ বছর
কর্মস্থল: টঙ্গী, ভুলতা, যশোর, রংপুর, ঠাকুরগাঁও, নওগাঁ, ফেনী, সিলেট ও সীতাকুণ্ড

আবেদনের নিয়ম: আগ্রহীরা www.jagojobs.com/others এর মাধ্যমে আবেদন করতে পারবেন।
আবেদনের শেষ সময়: ১৭ অক্টোবর ২০২০
সূত্র: জাগোজবস ডটকম